এইপ্রকারে যে সকল ব্রতে শ্রীহরি সন্তোষ লাভ করেন, সেই সকল ব্রতের মধ্যেও যে যে ভগবৎস্বরূপের উপাসক যিনি হইবেন, তিনি নিজ নিজ ইষ্টদেবতার ব্রতটি খুব সুন্দরভাবেই অনুষ্ঠান করিবেন— পূর্ব্বসিদ্ধান্ত অনুসারে ইহাই অবধারিত হইয়াছে। আরও বিশেষ জানা আবশ্যক যে—পাদসেবা ও অর্চ্চনমার্গে শাস্ত্রে যান অথবা পাদুকাদ্বারা ভগবৎগৃহে গমন প্রভৃতি যে ৩২টি অপরাধ উল্লেখ আছে, এবং রাজান্ন ভক্ষণ প্রভৃতি যে সকল অপরাধ বরাহপুরাণে পাওয়া যায় আর যে ৩২টি অপরাধ প্রমাণান্তরে উল্লেখ আছে, 'যাহারা আমার শাস্ত্রবহির্ভূত আচরণ করিয়া আমাদের শরণ লয়—এইপ্রকার যে সকল বহু অপরাধের কথা উল্লেখ আছে, আর বরাহদেব ধরণীকে সম্বোধন করিয়া বলিয়াছেন—"হে বসুধে! আমার অর্চ্চন অনুষ্ঠানের মধ্যে যে সকল অপরাধের কথা উল্লেখ আছে, বৈষ্ণবগণ অতি প্রযত্নের সহিত সেই সকল অপরাধ বর্জ্জন করিবে"; এই বরাহপুরাণ অনুসারেও উক্ত অপরাধগুলি পরিত্যাগ করিতে হইবে। এই অভিপ্রায়ে ১১।২৭।১৭ শ্লোকে শ্রীভগবান্ উদ্ধবকে কহিয়াছেন—"হে উদ্ধব! ভক্ত শ্রদ্ধাপূর্ব্বক যদি জলও অর্পণ করে, আমি তাহাই অতিপ্রিয় বলিয়া মনে করি। অভক্তজন প্রচুর পরিমাণে অর্পণ করিলেও আমার সন্তোষের জন্য হয় না।" এস্থলে শ্রদ্ধা ও ভক্তিশব্দ দ্বারা আদরই বিধান করা হইয়াছে। কিন্তু সকল অপরাধই অর্থাৎ অর্চ্চনমার্গে যে সকল অপরাধের কথা বলা হইয়াছে, সে সকলই অনাদরাত্মক; এবং শ্রীভগবান যে আমার প্রভু, সেই প্রভুধর্ম্মের অমর্য্যাদাকর। অতএব অপরাধের মূল কারণ ভক্তিঅঙ্গে, ভগবৎস্বরূপে ও ভক্তস্বরূপে অনাদর সর্ব্বপ্রকার পরিত্যাগ করিবে॥ ১১।২৭।৩০০॥

মহতামনাদরস্তু সর্ব্বনাশক ইত্যাহ—ন ভজতি কুমনীষিণাং স ইজ্যাং হরিরধনাত্মধনপ্রিয়ো রসজ্ঞঃ। শ্রুতধনকুলকর্ম্মণাং মদৈর্যে বিদধতি পাপমকিঞ্চনেষু সৎসু॥ ৩০১॥

অধনাশ্চ তে আত্মধনা ভগবদেকধনাশ্চ তে প্রিয়া যস্য সঃ। রসজ্ঞো ভক্তিরসিকো হরিঃ। কে কুমনীষিণ ইত্যপেক্ষায়ামাহ, শ্রুতেতি। পাপমপরাধম্ ॥ ৪।৩১॥ শ্রীনারদঃ প্রচেতসঃ॥ ৩০১॥

কিঞ্চ ন বিক্রিয়া বিশ্বসুহৃৎসখস্য সাম্যেন বীতাভিমতেস্তবাপি। মহদ্বিমানাৎ স্বকৃতাদ্ধি মাদৃঙ্ নঙ্ক্ষ্যত্যদূরাদপি শূলপাণিঃ॥ ৩০২॥

স্পষ্টম্॥ ৫।১০॥ রহূগণঃ শ্রীভরতম্॥ ৩০২॥

মহাপুরুষগণের অনাদর কিন্তু সর্ব্বনাশকারী। এই অভিপ্রায়ে শ্রীপাদ দেবর্ষি নারদ ৪।৩১।১৮ শ্লোকে প্রচেতাগণকে বলিয়াছেন—"শ্রীহরি কুমনীষী অর্থাৎ কুমেধাগণের পূজা গ্রহণ করেন না। তিনি কাঙ্গাল এবং আত্মধন